# আর্লি চাইল্ডহুড পরিবারদের জন্য স্বাস্থ্য ও সুরক্ষার পথনির্দেশনা

*একটি কমিউনিটি-ভিত্তিক সংগঠনে অংশগ্রহণকারী আর্লিলার্ন, 3-K, এবং প্রি-K শিক্ষার্থীদের জন্য*

প্রিয় পরিবারবর্গ,

এই শিক্ষা বছরটি অন্য কোনোবারের মত নয়, এবং আমরা জানি আপনারা আপনাদের সন্তানদের জন্য সবচেয়ে ভাল আশা করেন। আপনার সন্তানকে সুস্থ, আনন্দিত, এবং বিশ্বকে বরণ করে নিতে প্রস্তুত হতে নিশ্চিত করতে আপনার সকল প্রয়াশের জন্য আমরা কৃতজ্ঞ। এতে আমাদের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামগুলো একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, বিশেষত এখন, যখন আমাদের সিটির ছেলেমেয়েরা এত কিছু মোকাবিলা করেছে।

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সাথে চুক্তিবদ্ধ একটি কমিউনিটি ভিত্তিক সংগঠনের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে অংশগ্রহণের সময় ছেলেমেয়ে এবং স্টাফদের নিরাপদ রাখতে নতুন স্বাস্থ্য ও সুরক্ষার প্রক্রিয়াগুলো অবশ্যই গ্রহণ করতে হবে। আপনি যেটায় হয়ত অভ্যস্ত তা থেকে এটা ভিন্ন হবে, এবং আপনাকে পথনির্দেশনা দিতে আমরা এখানে রয়েছি। আপনি এই সংস্থান বা রিসোর্সে, আপনার প্রোগ্রামের স্বাস্থ্য ও সুরক্ষা সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য পাবেন।

এই পথনির্দেশনার অধিকাংশ এসেছে বসন্ত ও গ্রীষ্মকালীন মাসগুলোতে যেসব আর্লি চাইল্ডহুড প্রোগ্রামসমূহ নিরাপদে অপরিহার্য কর্মীবৃন্দ ও প্রথম সাড়াদানকারীদের (ফার্স্ট রেসপন্ডার) সন্তানদের পরিষেবা প্রদান করেছে, তারা সেসময় যা শিখেছে ও জেনেছে সেগুলো থেকে। সকল ছেলেমেয়ে শিক্ষা গ্রহণের সময় যেন সুস্থ ও নিরাপদ থাকে সেজন্য প্রোগ্রামগুলোতে আমাদের বর্তমান পথনির্দেশনার রূপরেখা দিতে, আমরা সেসব প্রোগ্রামের নেতৃবৃন্দের অভিজ্ঞতার পাশাপাশি ফেডারেল, স্টেট, ও স্থানীয় নির্দেশনা প্রয়োগ করেছি।

একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নীতি: **যদি আপনার সন্তান অসুস্থ হয়, এমনকি যদি মৃদু উপসর্গ থাকে, অনুগ্রহ করে তাকে বাড়িতে রাখুন।**

**"মূল চার (কোর ফোর)" মনে রাখুন**

পনার হাত ধোন | 6 ফিট দূরত্ব বজায় রাখুন | একটি নাক-মুখের মুখোশ পরিধান করুন | 'অসুস্থ হলে বাড়িতে থাকুন



## দৈনিক সুস্থতা যাচাইকরণ

বিল্ডিংয়ে প্রবেশ করার পূর্বে সকল ছেলেমেয়েকে অবশ্যই একটি দৈনিক সুস্থতা যাচাইকরণ পূরণ করতে হবে, যেটায় অন্তর্ভুক্ত তাদের তাপমাত্রা পরীক্ষা এবং পরিবারের একজন সদস্য COVID-19 সংক্রমিত কারো সংস্পর্শে আসা সংক্রান্ত প্রশ্নাবলীর উত্তর দেবেন। কিছু প্রোগ্রামের হয়ত বাড়িতে এই যাচাই (স্ক্রিন) পূরণ করার জন্য একটি প্রক্রিয়া থাকতে পারে। অন্য প্রোগ্রামগুলো আপনি উপস্থিত হবার পর এই যাচাইকরণ সম্পন্ন করবে।

## স্কুলে প্রবেশ এবং ছুটি

ছেলেমেয়েদের বিল্ডিংয়ের প্রবেশমুখে নামিয়ে দিতে এবং নিয়ে যেতে হবে। আপনার সন্তানকে তার ক্লাসরুমে নিয়ে যাবার জন্য স্টাফ সদস্যগণ উপস্থিত থাকবেন। এটা বিল্ডিংয়ে প্রবেশকারী প্রাপ্তবয়স্কের সংখ্যা সীমিত রাখবে। যদি পরিবারের কোনো সদস্যের বিল্ডিংয়ে প্রবেশ করার প্রয়োজন হয়, তাহলে বিল্ডিংয়ে প্রবেশের পূর্বে তাকে একটি সুস্থতা যাচাই পূরণ করতে হবে এবং সকল স্বাস্থ্য ও সুরক্ষার নিয়ম-নীতি মেনে চলতে হবে। অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েদের হয়ত অন্যান্য ছেলেমেয়ে অথবা স্টাফদের থেকে ভিন্ন প্রবেশপথ দিয়ে প্রবেশ করতে প্রত্যাশা করা হতে পারে। এটা দীর্ঘ সময় অপেক্ষা করা থেকে এবং অনেক মানুষকে একস্থানে জড় হওয়া থেকে বিরত রাখবে।

## পর্যায়ক্রমিক আগমন ও ছুটির সময়সমূহ

আপনার প্রোগ্রামের হয়ত পর্যায়ক্রমিক আগমন ও ছুটির সময়সমূহ থাকতে পারে। এটা দীর্ঘ সময় অপেক্ষা করা থেকে এবং অনেক মানুষকে একস্থানে জড় হওয়া থেকে বিরত রাখবে।

# আর্লি চাইল্ডহুড পরিবারদের জন্য স্বাস্থ্য ও সুরক্ষার পথনির্দেশনা

*একটি কমিউনিটি-ভিত্তিক সংগঠনে অংশগ্রহণকারী আর্লিলার্ন, 3-K, এবং প্রি-K শিক্ষার্থীদের জন্য*

## নাক-মুখের আবরণসমূহ

সকল স্টাফ ও দুই বছরের বেশি বয়সী ছেলেমেয়েদের একটি নাক-মুখের আবরণ পরিধান প্রত্যাশিত। দুই বছরের কম বয়সীদের শিশুদের একটি পড়তে হবে না। শিক্ষাদানকারী স্টাফগণ যেসব ছেলেমেয়ের অব্যাহতভাবে নাক-মুখের আবরণ পড়তে সমস্যা হবে তাদের সহায়তা করবেন। খাবার ও বিরতির সময় নাক-মুখের আবরণ পড়তে হবে না। বাহিরের ক্রিয়াকলাপ চলাকালে ছেলেমেয়েদের সেগুলো অপসারণ করার সুযোগ দিতে হবে। যদি আপনার সন্তানের কোনো চিকিৎসাগত সমস্যার কারণে একটি নাক-মুখের মুখোশ পরিধান করতে না পারে, তাহলে অনুমোদনের জন্য প্রোগ্রামকে একটি ডাক্তারের নোট প্রদান করতে হবে। **নাক-মুখের মাস্ক পরতে ব্যর্থ হবার কারণে ছেলেমেয়েদের পৃথক, সাসপেন্ড অথবা বহিষ্কার করা যাবে না। কিন্তু, যেসব পরিবার ও ছেলেমেয়েরা নিয়মিতভাবে নাক-মুখের আবরণ পড়তে অস্বীকার করে তবে তাদের দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) স্থানান্তর করা হতে পারে।**

নাক-মুখের আবরণসমূহের মধ্যে রয়েছে কাপড়ের আবরণ এবং একবার ব্যবহার্য (ডিসপোজেবল) সার্জিক্যাল মাস্ক, যেগুলো মুখ ও নাক ঢেকে রাখে।

- ব্যান্ডানা (গলার রুমাল বিশেষ) এবং গলাবন্ধনী অনুমোদিত নয়।
- শ্বাস ফেলার জন্য কপাটক (ভাল্ভ) অথবা ছিদ্র বিশেষ (ভেন্ট) রয়েছে এমন নাক-মুখের আবরণসমূহ অনুমোদিত নয়, কারণ শ্বাস ফেলার কপাটক (ভাল্ভ) অশোধিত প্রশ্বাস বাতাসে ছড়িয়ে অন্যদের কাছে পৌঁছে যায়।
- মুখমন্ডলের আবরণসমূহ যেগুলো মুখমণ্ডল পুরোপুরি ঢেকে ফেলে, যেমন স্কি মাস্ক, সেগুলো অনুমোদিত নয়।
- ফেইস শিল্ড নাক-মুখের আবরণের বিকল্প নয়।

## পারস্পরিক দূরত্ব বজায় রাখা:

স্টাফ ও শিক্ষার্থীদের একে অন্যদের থেকে ছয় ফিট পারস্পরিক দূরত্ব বজায় রাখতে হবে, সর্বোচ্চ যতটা সম্ভব। এতে সহায়তা করতে শিক্ষা প্রদাণকারী স্টাফ তাদের ক্লাসরুমে যেসব চর্চা অনুসরণ করছেন তা আপনার সাথে শেয়ার করতে পারেন।

## হাত ধোয়া

এই প্রোগ্রাম চলাকালে স্টাফ এবং ছেলেমেয়েদের ঘনঘন হাত ধোয়া প্রত্যাশিত। জীবাণু সংক্রমণ রোধে সবচেয়ে কার্যকর হচ্ছে সাবান এবং পানি। যখন হাত ধোয়া সম্ভব নয়, তখন শিক্ষা দানকারী স্টাফদের কাছে হাত জীবাণুমুক্তকারক (হ্যান্ড স্যানিটাইজার) থাকবে। ছেলেমেয়েরা বিভিন্ন সময় তাদের হাত ধোবে, যেমন:

- শ্রেণীকক্ষে প্রবেশের পর;
- যখন শ্রেণীকক্ষের এক স্থান থেকে অন্য স্থানে যাবে;
- খাবারের পূর্বে ও পরে;
- শৌচাগার বা বাথরুম ব্যবহারের পরে;
- যখন বাহির থেকে বিল্ডিংয়ে পুনরায় প্রবেশ করবে; এবং
- যখন হাতে ময়লা দেখা যাবে।

## পরীক্ষা এবং অনুসন্ধান

যদি আপনার সন্তানের প্রোগ্রামে কারো COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে আপনি ও আপনার পরিবারের পরবর্তী ধাপসমূহ সম্পর্কে লিখিতভাবে আপনার সাথে যোগাযোগ করা হবে। যদি ঐ ব্যক্তি আপনার সন্তানের ক্লাসরুমের কেউ হয়, অথবা 10 মিনিটের বেশি সময় আপনার সন্তানের কাছাকাছি এসে থাকে, তাহলে আপনার সন্তানকে একটি নির্ধারিত সময়ের জন্য সম্ভবত কোয়ারেন্টাইন (স্বেচ্ছায় আলাদা বসবাস) করতে হতে পারে। যদি আপনার সন্তান কাছাকাছি আসেনি বলে জানা যায়, তাহলে আপনার সচেতনতার জন্য প্রোগ্রামে একটি নিশ্চিত কেস পাওয়া গিয়েছে সেবিষয়ে একটি বার্তা পাবেন। আপনার হয়ত কোনো আবশ্যক পরবর্তী ধাপসমূহ নাও থাকতে পারে। যে ব্যক্তির COVID-19 ফলাফল পজিটিভ এসেছে তার ব্যক্তিগত তথ্য কখনোই শেয়ার করা হবে না।

## এলোমেলোভাবে পরীক্ষণ বা টেস্টিং

বর্তমানে আর্লি চাইল্ডহুড ক্লাসরুমের ছেলেমেয়ের (আর্লিলার্ন, 3-K ফর অল, অথবা প্রি-K ফর অল) এলোমেলোভাবে COVID-19 পরীক্ষা বা টেস্টিংয়ে অংশগ্রহণ করতে বাধ্যতামূলক নয়। পুরো বছর জুড়ে নিয়মিতভাবে COVID-19 পরীক্ষা বা টেস্টিং করতে পরিবারদের আমরা দৃঢ়ভাবে উৎসাহিত

# আর্লি চাইল্ডহুড পরিবারদের জন্য স্বাস্থ্য ও সুরক্ষার পথনির্দেশনা

*একটি কমিউনিটি-ভিত্তিক সংগঠনে অংশগ্রহণকারী আর্লিলার্ন, 3-K, এবং প্রি-K শিক্ষার্থীদের জন্য*

করছি। সিটিজুড়ে 22-টি হেলথ্ অ্যান্ড হসপিটালস্ (H+H) পরীক্ষা কেন্দ্রে 3-K থেকে 12 গ্রেডের DOE শিক্ষার্থীরা পরীক্ষা বা টেস্টিং করতে অগ্রাধিকার পাবে। DOE শিক্ষার্থীদের স্টুডেন্ট আইডি (ID) নিয়ে আসা অথবা ভর্তির প্রমাণ প্রদান বাধ্যতামূলক নয়। শিক্ষার্থীদের পিতামাতা ও অভিভাবককে তাদের ইনস্যুরেন্স কার্ড সাথে নিয়ে আসতে উৎসাহিত করা হচ্ছে, কিন্তু ইনস্যুরেন্স কার্ড থাকুক বা না থাকুক, শিক্ষার্থীদের পরীক্ষা করতে কোনো খরচ নেই। 22-টি অগ্রাধিকার সাইটের তালিকা এবং বাড়তি তথ্যের জন্য অনুগ্রহ করে COVID-19 টেস্টিং ফর স্টুডেন্টস্ অ্যান্ড স্টাফ (শিক্ষার্থী ও স্টাফদের জন্য COVID-19 পরীক্ষণ বা টেস্টিং) পেজটি দেখুন।

## পৃথকভাবে অবস্থানের স্থান

পুরো দিনব্যাপী কোনো শিক্ষার্থী অসুস্থ হয়ে গেলে, সেক্ষেত্রে প্রতিটি প্রোগ্রাম পৃথকভাবে অবস্থানের জন্য একটি নির্ধারিত কক্ষ/এলাকা ব্যবহার করবে। যদি আপনার সন্তানকে পৃথকভাবে অবস্থানের কক্ষ/এলাকায় নিয়ে যাওয়া হয়, তবে তাকে সর্বক্ষণ তদারকি করা হবে। আপনার সাথে তাৎক্ষণিকভাবে যোগাযোগ করা হবে এবং আপনার সন্তানকে নিয়ে যেতে বলা হবে।

## রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কারকরণ

প্রোগ্রামগুলো যেসব স্থান ব্যবহার করে, সেগুলো পুরো দিনব্যাপী পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে এবং প্রতি রাতে জীবাণুমুক্ত করা হবে, এবং অতিরিক্ত স্পর্শ করা হয় যেসব স্থানে সেগুলোতে বিশেষ মনোযোগ দেয়া হবে।

## ভেন্টিলেশন (বাতাস সরবরাহ)

প্রোগ্রামগুলোর ছেলেমেয়েদের পরিষেবাদানকারী প্রতিটি প্রধান ক্লাসরুমে নিম্নলিখিত অন্ততপক্ষে একটি থাকতে হবে:

- অন্ততপক্ষে একটি জানালা খোলা থাকতে হবে;
- একটি স্থানে বাতাস সরবরাহ করার জন্য একটি ফ্যান;
- একটি ফ্যান যেটা অভ্যন্তরীণ দূষিত বায়ু বের করে দেবে এবং পরিষ্কার বায়ু প্রবেশ করাবে; অথবা
- একটি ইউনিট ভেন্টিলেটর (বায়ু সরবরাহকারক) যেটা পরিবর্তিত বায়ু নির্ধারিত স্থানে প্রেরণ করবে।

## ফুড সার্ভিস (খাদ্য পরিবেশন)

শুধুমাত্র স্কুল দিবসে, বিকাল 3:00-5:00pm পর্যন্ত, DOE কমিউনিটি মিলস্-এর অবস্থানগুলো (schools.nyc.gov/freemeals) গ্র্যাব-অ্যান্ড-গো মিল নিয়ে যাবার জন্য খোলা থাকবে। কমিউনিটির সকল সদস্য স্বাগত।

## দূর থেকে শেখার (রিমোট লার্নিং) ডিভাইস

স্মরণ করিয়ে দিচ্ছি, যদি আপনার সন্তানের দূর থেকে শেখার (রিমোট লার্নিং) জন্য ডিভাইসের প্রয়োজন হয়, তাহলে আপনার দূর থেকে শেখার (রিমোট লার্নিং) জন্য ডিভাইস অনুরোধের ফর্ম পূরণ করা উচিত অথবা সহায়তার প্রয়োজন হলে হেল্প ডেস্কে 718-935-5100 নম্বরে ফোন করুন। যদি আপনার সন্তানের OSIS নাম্বার আপনার জানা না থাকে, তাহলে ফর্ম পূরণ করার সময় OSIS নাম্বারের ঘরে সবগুলো নয় (9s) বসিয়ে দিন। যেসব শিক্ষার্থীরা অস্থায়ী বাসস্থানে (টেম্পোরারি হাউজিং) বসবাস করে অথবা যাদের ইন্টারনেট সংযোগ নেই তারা অগ্রাধিকার ভিত্তিতে একটি ডিভাইস পাবে।

এখানে যেসব তথ্য দেয়া হয়েছে সেগুলো সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থেকে থাকে, তবে অনুগ্রহ করে আপনার সন্তানের প্রোগ্রাম লিডারের সাথে বাড়তি তথ্যের জন্য যোগাযোগ করুন। যদি আপনার সন্তান একটি ডিস্ট্রিক্ট স্কুল অথবা প্রি-K সেন্টারে উপস্থিত হচ্ছে, তাহলে অনুগ্রহ করে **স্কুল পুনরায়-খোলার 2020–21 ফ্যামিলি গাইড**-টি এখানে দেখুন। বরাবরের মতই, নিউ ইয়র্কবাসীরা যদি ভাইরাসের সংস্পর্শে এসেছে বলে উদ্বিগ্ন হয়ে থাকেন, তাহলে তাদের পরীক্ষা (টেস্টিং) করতে উৎসাহিত করা হচ্ছে।

অংশীদারিত্বে,

দ্যা ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন
NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন